



তথ্যবিবরণী

নম্বর- ০৪১

শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ০১ আশ্বিন (১৬ সেপ্টেম্বর):

শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া আগামী মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) এক দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। এদিন তিনি সকাল সাড়ে আটটায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

উপদেষ্টা বেলা সাড়ে দশটায় তেরখাদিয়ার রাজাপাড়ায় জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। তিনি বেলা তিনটায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েটের মধ্যকার প্রীতি ফুটবল ম্যাচ উপভোগ করবেন।

এদিন বিকাল সোয়া পাঁচটায় শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....
তৌহিদ/হালিম/২০২৪/১৬:০০ ঘ.